যে ব্যক্তি আল্লাহর রাস্তায় এক দিনও সিয়াম পালন করে, আল্লাহ্ তার মুখমণ্ডলকে জাহান্নামের আগুন থেকে সত্তর বছরের দূরত্বে সরিয়ে নেন।

আবূ সা‘ঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি আল্লাহর রাস্তায় এক দিনও সিয়াম পালন করে, আল্লাহ্
তার মুখমণ্ডলকে জাহান্নামের আগুন থেকে সত্তর বছরের দূরত্বে সরিয়ে নেন।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সংবাদ দিচ্ছেন, যে ব্যক্তি আল্লাহর রাস্তায় এক দিন সিয়াম পালন করে, তার প্রতিদান হচ্ছে, আল্লাহ তার মুখমণ্ডলকে জাহান্নামের আগুন থেকে সত্তর বছরের দূরত্বে সরিয়ে নেন। কারণ সে জিহাদের ও সীমানায় পাহারা দেয়ার কষ্টের পাশাপাশি সাওম পালনের কষ্টও স্বীকার করেছে। আর জাহান্নাম থেকে দূরে সরে যাওয়ার মানে হলো জান্নাতের নিকটবর্তী হওয়া; কারণ পথ দুটোই। একটি জান্নাতের আরেকটি জাহান্নামের। তানভীহুল আফহাম (পৃ. ৪৬৫), তাইসীরুল ‘আল্লাম (পৃ. ৩৪৬), তাসীসুল আহকাম (৩/৩৮৫)

https://sunnah.global/hadeeth/bn/show/4436